গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার অক্টোবর-২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা স্বজন কুমার তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ঃ ১২/১০/২০২৩ খ্রি.; সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক")

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম এর সদয় সম্মতিক্রমে আলোচ্যসূচি মতে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার আগস্ট-২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় এবং স্ব-স্ব বিভাগীয় কার্যক্রমের সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | বিগত সভার কার্যবিবরণী অনুমো - দিত ও গৃহীত হয়। স্ব-স্ব বিভাগীয় কার্যক্রম সম্পাদনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কর্মকর্তাগণসহ সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা। |
| ২ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত ঃ উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্ন বর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য পরিষদ সভায় অনুমোদনের প্রয়োজন।<br>২) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে এবং পিছনে পার্কিং টালসসহ ওয়ার্কওয়ে নির্মাণ (পার্ট-১) ১,৯৩,৫৭২/- টাকা।<br>২) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে এবং পিছনে পার্কিং টালসসহ ওয়ার্কওয়ে নির্মাণ (পার্ট-২) ১,৬৪,৭৯১/- টাকা।<br>৩) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে হাতলযুক্ত চেয়ার ক্রয়/সরবরাহ =১,৫৪,২৯৫/- টাকা।<br>সভায় উপজেলা প্রকৌশলী কর্তৃক সভায় পেশকৃত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলা প্রকৌশলী কর্তৃক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পেশকৃত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ৩ | ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম মেয়াদ বৃদ্ধিকরণ সংক্রান্ত ঃ<br>উপজেলা প্রকৌশলী জানান, ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহীত হয়। গৃহীত প্রকল্প সমূহ প্রশাসনিক জটিলতার কারণে যথার্থ সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য আগামী ৩১/১২/২০২৩ খ্রি. পর্যন্ত মেয়াদ বর্ধিতকরণে সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। বিস্তারিত আলোচনায় উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তাবিত প্রকল্প সমূহ বাস্তবায়নের মেয়াদ আগামী ৩১/১২/২০২৩ খ্রি. পর্যন্ত সময় বর্ধিতকরণের প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে গ্রহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের মেয়াদ ৩১/১২/২০২৩ খ্রি. পর্যন্ত বর্ধিতকরণের প্রস্তাব সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচি অর্থায়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত ঃ<br>উপজেলা প্রকৌশলী জানান, চলতি ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) আওতায় ১ম কিস্তির অর্থ বরাদ্দ পাওয়া যায়। ১ম কিস্তি বরাদ্দ প্রাপ্ত অর্থ দ্বারা ৪র্থ কিস্ত পর্যন্ত সম্ভাব্য বরাদ্দ হিসাব করে নিয়ম মতে ইউনিয়ন ভিত্তিক প্রকল্প গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তিনি এডিপি অর্থায়নে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে আহ্বান জানান। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি অর্থায়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইউনিয়ন ভিত্তিক প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য সংশ্লিষ্ট সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রমে আওতাভূক্ত এলডিপি প্রকল্পের আওতায় জলবায়ু টেকসই সহিষ্ণু দেশী মুরগী পালনের ঘর নির্মাণ করা হয়েছে। ৪০ খামারীকে নির্মিত ঘর বিতরণ কার্যক্রম চলমান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন -করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি- সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, রাঙ্গুনিয়া। |

চলমান পাত-২

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলার স্বাস্থ্য সেবার মান উন্নয়নের কার্যক্রম অব্যাহত প্রচেষ্টা রয়েছে। তিনি স্বাস্থ্য বিভাগের কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>স্বাস্থ্য বিভাগের কার্যক্রমে বিস্তারিত আলোচনায় ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র সমূহে যেখানে ডাক্তার নেই, সে সকল স্বাস্থ্য কেন্দ্র সমূহে ডাক্তার নিয়োজিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, রাঙ্গুনিয়াকে আহ্বান জানানো হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে বাস্ত -বায়নসহ ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র সমূহে শুন্য পদ সমূহে ডাক্তার নিয়োজিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | স্বাস্থ্য বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। উপজেলার কৃষকগণকে সরকারী প্রদেয় সকল সুযোগ-সুবিধা প্রদান করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সকলের সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পা -দনসহ কৃষককককদের মাঝে কৃষি উপকরণ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, রাঙ্গুনিয়া। |
| ৮ | উপজেলা পঃ পঃ বিভাগ ঃ<br>উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমে বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, চলতি মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির আয়োজিত সভায় জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয় জানান, উপজেলার মরিয়মনগর ইউনিয়ন মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্রটি মেরামত/সংকারের কার্যক্রম নিম্নমানের মর্মে আপত্তি উত্থাপন করা হয়েছে। বিষয়টি তদন্তের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা দিয়েছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় মরিয়মনগর মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্রটি ঠিকাদার কর্তৃক মেরামত/সংস্কার কার্যক্রম সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং মরিয়মনগর ইউনিয়ন মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্রটি ঠিকাদর কর্তৃক মেরামত/সংস্কারের কার্যক্রমের ত্রুটিসমূহ সরেজমিনে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া মহোদয়কে অনুরোধ করা হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, রাঙ্গুনিয়া। |
| ৯ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে ১) গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-সাধারণ ১ম চাল) ২) ) গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ ১ম ) ৩) ) গ্রামীন অবকাঠামো সংস্কার (টিআরা-সাধারণ ১ম গম ) ৪) গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ ১ম ৫) ) গ্রামীন অবকাঠামো সংস্কার (টিআর জেলা প্রশাসক-১ম) বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দপ্রাপ্ত অর্থ দ্বারা ১০১ টি প্রকল্প গৃহীত হয়। প্রকল্প সমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্ত -বায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | উপজেলা সমাজ সেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পাদনের প্রচেষ্টা অব্যাহত আছে। ভাতা প্রদান কার্যক্রম অনলাইন হওয়াতে কিছু সংখ্যক ভাতাভোগী বিভিন্ন ভাবে সমস্যার সম্মুখীন হচ্ছে। ভাতা ভোগীগণ যাতে হয়রানি না হয় দাপ্তরিক ভাবে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পা -দনসহ জনপ্রতিনিধিদের সমন্বয়ে বিভাগীয় বিভিন্ন ভাতা কার্যক্রম সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা রাঙ্গুনিয়া। |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে বিডব্লিউবি চক্রের সুবিধা ভোগি বাছাই কার্যক্রম সম্পন্ন করা হয়। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন -করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | উপজেলা মৎস্য অধিদপ্তর ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, আগমী ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর,২০২৩ খ্রি. পর্যন্ত ইলিশের প্রধান প্রজনন মৌসুমে সরকার ঘোষিত ইলিশ মাছ আহরণ,পরিবহন, মওজুদ, বাজারজাতকরণসহ ক্রয়-বিক্রয় ও বিনিময় সরকার নিষিদ্ধ ঘোষণা করেছে। আইন অমান্যকারীগণ উভয় দন্ডে দন্ডিত হবেন মর্মে জনসচেনতার সৃষ্টির জন্য উপস্থিত সকলকে আহ্বান জানানো হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পা -দনে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর,২০২৩ খ্রি. পর্যন্ত ইলিশের প্রধান প্রজনন মৌসুমে সরকার ঘোষিত ইলিশ মাছ আহরণ,পরিবহন, মওজুদ, | |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বিস্তারিত আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার রাক্ষুসে পিরানহ্য, আফ্রিকান মাগুর মাছ প্রজনন ক্ষেত্রে সরকার অনুরুপ ভাবে নিষিদ্ধ ঘোষণার বিষয়টি উপস্থিত সকলকে অবগত করান। এ বিষয়ে স্ব-স্ব এলাকায় মৎস্য খামারীদের অবগত করানোর জন্য সকলকে আহ্বান জানানো হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | বাজারজাতকরণসহ ক্রয়-বিক্রয় ও বিনিময় সরকার নিষিদ্ধ ঘোষণার বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে আহ্বান জানানো হয়। | উপজেলা মৎস্য বিভাগ। |
| ১৩ | উপজেলা খাদ্য অধিদপ্তর ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের উপস্থিত প্রতিনিধি জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্ত - বায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাঙ্গুনিয়া |
| ১৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পাদনসহ চেয়ারম্যান, পদুয়া ইউ,পির প্রতি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, রাঙ্গুনিয়া। |
| ১৬ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন -করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা রাঙ্গুনিয়া। |
| ১৭ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। যুবক/যুবতীদের আত্নকর্মসংস্থান সৃষ্টির প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন-করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১৮ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা রাঙ্গুনিয়া। |
| ১৯ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলছে। চলতি ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ  অর্থ বছরে বরাদ্দ প্রাপ্ত নলকূপ সমূহের স্থাপনের তদারকির কার্যক্রম অব্যাহত আছে। তিনি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পন্নকরণে সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় সহযোগীতা কামনা করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা হাসপাতালের অভ্যন্তরে নলকূপ স্থাপনের কার্যক্রম যাতে যথাযথ হয় এ বিষয়ে প্রয়োজনীয় গ্রহণের জন্য উপ-সহঃপ্রকৌশলী(জনস্বাস্থ্য)কে আহ্বান জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, রাঙ্গুনিয়া। |
| ২০ | উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে । তিনি বিভাগীয় কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন -করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা চলমান এইচ,এস,সি পরীক্ষা কেন্দ্রে দায়িত্বরত আছেন মর্মে সভাকে জানানো হয়। আগামী সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানানোর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন -করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২২ | বন বিভাগ ঃ<br>উপস্থিত বন বিভাগের রেঞ্জ কর্মকর্তাগণ জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন-করণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |
| ২৩ | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও  বিদ্যু বিল আদায় সংক্রান্ত ঃ<br>সভাপতি উপজেলার নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় জিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, জোনাল অফিস রাঙ্গুনিয়া জানান, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের কার্যক্রম অব্যাহত আছে। তিনি বকেয়া বিদ্যু বিল আদায়ে প্রশাসন কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং  উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং বিদ্যুৎ বিল আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিদ্যুৎ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২৪ | উপজেলা পরিষদের সুইপার অব্যাহতি ও নিয়োগ সংক্রান্ত ঃ<br>বিবিধ-১ ঃ উপজেলা পরিষদের অস্থায়ী জনবল বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদে সুইপার হিসেবে নিয়োজিত জনাব মোঃ ছোবাহান দায়িত্ব হতে অব্যহতি চেয়ে আবেদন দাখিল করেন। আবেদনকারীর আবেদন মতে সুইপারের পদ হতে অব্যহতি এবং নতুন সুইপার নিয়োগের আলোচন করা হয়। বিস্তারিত আলোচনায় প্রাক্তন সুইপার জনাব মোঃ ছোবাহানকে সুইপার পদ অব্যাহতি প্রদান এবং সুইপার পদে নিয়োগের আবেদনকারী জনাব মোঃ জাবেদ পিতা-মৃত মোহাম্মদ ইউসুফ মিয়া মাতা-গোল বাহার বেগম সাং-হাজারীখীল, ওয়ার্ড নং-০২,ডাকঘর-সরফভাটা, উপজেলা-রাঙ্গুনিয়া, চট্টগ্রামকে সুইপার পদে নিয়োগের প্রস্তাব করা হয়। সভায় বিস্তারিত আলোচনায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার শাখার স্মারক নং-৪৬.০০.০০০০. ০৪৬. ০১৫.০০৪.১২(অংশ)-৮৮৩ তারিখ-০৯/১১/২০২০ খ্রি. আদেশ মূলে দৈনিক মজুরি ভিত্তিতে জনাব মোঃ জাবেদ পিতা-মৃত মোহাম্মদ ইউসুফ মিয়া মাতা গোল বাহার বেগম সাং-হাজারীখীল, ওয়ার্ড নং-০২, ডাকঘর-সরফভাটা, উপজেলা-রাঙ্গুনিয়া, চট্টগ্রামকে সুইপার পদের নিয়োগের জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন। | জনাব মোঃ জাবেদ পিতা-মৃত মোহাম্মদ ইউসুফ মিয়া মাতা গোল বাহার বেগম সাং- হাজারী -খীল, ওয়ার্ড নং-০২, ডাকঘর-সরফভাটা,রাঙ্গুনিয়া, চট্টগ্রামকে অস্থায়ী ভাবে সুইপার পদে নিয়োগের প্রস্তাব সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৫ | বিবিধ-২ ঃ উপজেলা পরিষদের মসজিদ পুকুরে সংস্কার বিল পরিশোধ সংক্রান্ত ঃ উপজেলা পরিষদ মসজিদ পুকুরে মেসার্স জয়া ট্রেডার্স , প্রোঃ মোঃ আবদুল জব্বার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম কর্তৃক মসজিদ পুকুরের পানি নিষ্কাশনের প্রয়োজনীয় মালামাল সামগ্রী ক্রয় সাপেক্ষে কার্যক্রম সম্পন্ন করা হয়। সম্পন্নকৃত কাজের ও ক্রয়কৃত মালামাল বিল বাবদ=১৩,০৮০/- টাকা মেসার্স জয়া ট্রেডাস, রাঙ্গুনিয়া প্রাপ্যতার জন্য আবেদন দাখিল করেন। বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদেয় বিল প্রদানের জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ মসজিদ পুকুরে মেরামত/সংস্কার বিল বাবদ =১৩,০৮০/- টাকা ।মেসার্স জয়া ট্রেডার্স , প্রোঃ মোঃ আবদুল জব্বার, রাঙ্গুনিয়া, চট্টগ্রামকে প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ কর্তৃপক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। |

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, রাঙ্গুনিয়া বাসীর উন্নয়ন যাতে ব্যাহত না হয় সে বিষয়ে সতর্ক দৃষ্টি রেখে সম্মিলিত ভাবে কাজ করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের আহ্বান জানান। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলা নির্বাহী অফিসার সভাপতির সদয় সম্মতিক্রমে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

বীর মুক্তিযোদ্ধা স্বজন কুমার তালুকদার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৬.০০৫.২০২৩-৯৭৩

তারিখ: ২৭ আশ্বিন, ১৪৩০ ব.
১২ অক্টোবর, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ এম. পি. মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।

(১-৪) সদয় অবগতির জন্য।

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা/উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৬। উপজেলা ..........................................................................কর্মকর্তা (সকল) রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান/জনাব.............................................................................. /ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। অফিস নথি।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ই-মেইল ঃ unoranguunia@mopa.gov.bd